শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-২/২৩/শিক্ষা

তারিখঃ ১৬-০৭-২০২৬

# বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অনলাইনে এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে স্নাতক পর্যায়ে **২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (লেভেল-১, সেমিস্টার-১)** ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ড হতে বৃত্তির জন্য মেধা/সাধারণ কোটায় নির্বাচিত হয়েছে তাদেরকে অনলাইনে আবেদন করতে হবে। তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আগামী **২৫-০৭-২০২৬** তারিখের মধ্যে শিক্ষা বিষয়ক শাখার ওয়েবসাইট **(https://aca.bau.edu.bd)** এ **Scholarship........Application From ........ Apply Now** বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র **Single PDF file** আকারে আপলোড করতে হবেঃ

১. সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীদের নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নাম চিহ্নিত করে)।

২. কলেজের প্রত্যয়নপত্রের কপি।

**নির্দেশনাবলীঃ**

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভূক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
২. শিক্ষার্থীদের নিজস্ব ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/ অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।
৩. শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাবে নাম অভিন্ন হতে হবে।
৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩/১৭ ডিজিটের মধ্যে হতে হবে।
৫. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।
৬. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারন) সঠিকভাবে পূরণ করতে হবে।
৭. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
৮. ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে।

**স্বা:/-**
**এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)**

মেমো নং শা-২/২৩/(২৩)/শিক্ষা

**তারিখঃ ১৬-০৭-২০২৬**

সদয় অবগতি ও প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো ঃ

১. ডিন,.....................................................................অনুষদ।

২. প্রভোস্ট,..................................................................হল।

৩. পরিচালক, আইসিটি সেল, বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৪. ওএসডি, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ

১৬/৭/২০২৬

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)